# মবিডেম

যদি আপনার কর্মব্যস্ততার বেশীর ভাগ সময়ই এয়ারপোর্ট টার্মিনালে বা ভ্রমণে, অথবা গাড়ীতে অথবা মিটিং-এ কাটে তাহলে প্রয়োজনীয় তথ্য আদান-প্রদানে একটি মোডেম সংযোজনা পাওয়া কষ্টকর হয়ে পড়ে। একটি মবিডেম এম১০৯০' রেডিও মোডেম আপনাকে সে সমস্যা থেকে মুক্তি দেবে। যে-কোন প্রচলিত মোডেমের মত এই ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্রটি পার্সোনাল কমপিউটারের সিরিয়াল পোর্টে প্লাজইন করতে হয়। কিন্তু প্রচলিত মোডেমে যেটা সম্ভব নয় 'এরিকসন জিই মোবাইল কমিউনিকশনস, ইনক'-এর মবিডেমে তা সম্ভব হয়ে ওঠে, অর্থাৎ যে-কোন ইলেকট্রনিক মেইল বা কমপিউটার ফাইল স্থানান্তর করা যায় কোন রকমের তার বা কোন সেট ছাড়াই।

'মবিডেম' ডাটা আদান-প্রদান করে 'মবিটেক্স প্যাকেট সুইচড ডাটা নেটওয়ার্ক' এর মাধ্যমে। এই ডাটা নেটওয়ার্ক বেল সাউথ এবং র‍্যাম ব্রাডকাস্টিং-এর একটি যৌথ উদ্যোগের ফসল। যারা মবিটেক্স নেটওয়ার্ক ব্যবহার করবেন তাদের প্রতি ১ কিলোবাইটের প্যাকেট ডাটার আদান বা প্রদানের জন্য ২৫ সেন্ট মূল্য পরিশোধ করতে হয়। বর্তমানে 'মবিটেক্স নেটওয়ার্ক, আমেরিকার উত্তরাঞ্চলের ৩০ টি শহরে সুবিধা দিচ্ছে; তবে ১৯৯৩ সালের মধ্যে সারা আমেরিকার ১০০টি শহরে এর আওতায় আনবার পরিকল্পনা রয়েছে।

'মবিডেম' আকৃতিতে একটি ওয়াকি টকির মত এবং ওজন মাত্র ১ পাউণ্ড। 'মবিডেম'কে অত্যন্ত সাধারণভাবে তৈরী করা হয়েছে। ভাঁজ করে রাখা যায় এরকম একটি এন্টেনা এবং ব্যাটারী প্যাক ছাড়া ব্যবহারকারীর জন্য রয়েছে দুটি মাত্র সুইচ। একটি অন অফ করবার জন্য অন্যটি মবিডেম এর শক্তি সংরক্ষণ করার জন্য (Power Saving)।

'পাওয়ার সেভিং' মোডে ইউনিটটি ব্যাটারী চার্জ করা ছাড়া ১০ ঘন্টা কাজ করতে পারবে। এই মোডে মবিডেম একটা 'ডোজ' সেটে থাকে, কিন্তু আগত তথ্যের জন্য স্থানীয় মবিটেক্স ষ্টেশনের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রেখে চলে। এ অবস্থায় আগত যে-কোন তথ্য সর্বাধিক ৩০ সেকেণ্ড এর মত দেরীতে পৌঁছুতে পারে। কিন্তু তথ্য পাঠানো যাবে তাৎক্ষনিকভাবে। যদি ব্যবহারকারী সামান্যতম দেরীও না চান তাহলে মবিডেম-এর রেগুলার অপারেটিং মোড-এ মবিডেম স্থানীয় মবিটেক্স-এর সাথে সার্বক্ষণিক অনলাইন-এ থাকে। এ মোডে মবিডেম এর ব্যাটারী ৩ থেকে ৪ ঘন্টা ব্যবহার করা যাবে।

সেলুলার মোডেম-এ যা নেই সেই 'মেসেজ দেয়ার ক্ষমতা' মবিডেম-এর রয়েছে। যেমন তথ্য গ্রহণ করার সময়ে মবিডেম ব্যবহারকারীকে জানাবার জন্য বিপ ধ্বনি করে। যদি কমপিউটার বন্ধ থাকে অথবা কানেকশন না থাকে তাহলে 'রেডিও মবিডেম' আসা ডাটা সংরক্ষণ করে এবং লিক্যুইড ক্রিস্টাল ডিসপ্লে মনিটরে অপেক্ষমান ডাটার সংখ্যা জানায়। এছাড়াও যদি ব্যবহারকারীর মবিডেমটি অফ অবস্থায় থাকে বা মবিটেক্স নেটওয়ার্কের আওতার বাইরে থাকে তাহলে আগত তথ্য মবিটেক্স নিজেই ব্যবহারকারীর জন্য সংরক্ষণ করে। তথ্যসমূহ মবিডেম অন হলে বা আওতায় এলে নিজে নিজেই রিলে হয়ে যায়। টেলিফোনের তার বিহীন ওয়্যারলেস রেডিও মোমেড 'মবিডেম' এগুলোতো হলো ভালো দিক। কিন্তু কিছু ত্রুটিও রয়ে গেছে।

প্রথমেই উল্লেখ করবার মতো হলো এর দাম। ১৭৯৫ ডলার মূল্যকে 'এরিকসন' কোম্পানীর কর্মকর্তারাও বলেছেন বেশী দাম। তবে তারা মনে করছেন ১৯৯৩-র মধ্যে এটা ১০০০ ডলারে নেমে আসবে। অবশ্য এরিকসন কোম্পানী হিউলেট প্যাকার্ড কোম্পানীর ৯৫LX পামটপ কমপিউটারসহ একটি ডাইবিং এক্সপ্রেস প্যাকেজ অফার করছে যার দাম পড়ছে ১৯৯৫ ডলার। এর সাথে থাকছে একটি সফটওয়্যার আর


বিজয়

কম্পিউটারে বাংলা লেখন পদ্ধতি

এখন আই বি এম পিসিতে

১৯৮৮ সালের ১৬ই ডিসেম্বর আমরা ঘোষণা করেছিলাম কম্পিউটারে বাংলা লেখন পদ্ধতি **বিজয়**। গত পাঁচ বছরে **বিজয়** জয় করেছে দেশ-বিদেশের কম্পিউটারে বাংলা ব্যবহারকারীদের হৃদয়। আজ তাই দেশ-বিদেশের সকল বাংলা প্রকাশনায় মেকিন্টোস আর **বিজয়** এর একচ্ছত্র আধিপত্য।

১৯৯৩ এ আমরা সেই একই প্রযুক্তি প্রকাশ করেছি আইবিএম পিসি ব্যবহারকারীদের জন্য

আইবিএম পিসি/কম্পাটিবলে যারা উইন্ডোজ ব্যবহার করেন, তারা এখন ব্যবহার করতে পারেন বিজয় কী বোর্ড, তন্বী ও সুতন্বী ফন্টসমূহ। বিজয় এপ্লিকেশন নির্ভর পদ্ধতি নয়। অপারেটিং সিস্টেম ভিত্তিক বলে এটি যে কোন উইন্ডোজ ৩.১ নির্ভর এপ্লিকেশন প্রোগ্রামে ব্যবহার্য।

বিস্তারিত জানা এবং এক কপি পাবার জন্য আজই যোগাযোগ করুন

আনন্দ কম্পিউটার্স

৮/৬, সেগুন বাগিচা, ঢাকা-১০০০। ফোন ২৪৬৮৭৩, ২৫৩২১৪, ২৮৩৮৬৬, ২৫০২০৩
১৮৮, মতিঝিল সার্কুলার রোড, ঢাকা-১০০০। ফোন ৪০৮৮৯৮, ৪০৯১৮৬, ৪০০০১৫
৮৭০, শেখ মুজিব রোড, চট্টগ্রাম। ফোন ৫০১৮৮৩
১৪, বাংলা বাজার, ঢাকা-১১০০। ফোন ২৫৭৩৪৫

কেইস। মবিডেম এর জন্য এখনো খুব বেশী কোম্পানী সফটওয়্যার তৈরী করেনি। তাছাড়া ভ্রমণকারীদের জন্য ৬ পাউণ্ডের নোটবুক কমপিউটার একটা অতিরিক্ত জিনিস।

মবিডেম প্রতিসেকেণ্ডে ৮০০০ বিট ডাটা ট্রান্সমিশন করতে পারে। কিন্তু প্রচলিত মোডেমে প্রতি সেকেণ্ডে ৯৬০০ বাউড (Baud) বা ১৪,৪০০ বাউড (Baud) ডাটা ট্রান্সমিশন করতে পারে। এগুলোর দামও পড়ে আসছে। তবে এরিকসন কোম্পানী মবিডেমকে ওয়্যারলেস তথ্য আদান-প্রদানকারী যন্ত্র হিসেবে বাজারজাত করছে।

'মবিডেম' এর এসব দুর্বলতা সত্বেও এরিকসন এর মবিডেম জিইM১০৯০ আগামী দিনের দূরবর্তী তারবিহীন কমপিউটার যোগাযোগের ঘোষণা দিচ্ছে। মটোরোলা এবং আইবিএম এর 'আর্ডিস নেটওয়ার্ক' ব্যবহারকারী 'সেলুলার মোডেম' বা 'রেডিও মোডেমের' চাইতে একধাপ এগিয়ে মবিডেম আগামী দিনের কমপিউটিং কোন দিকে যাচ্ছে তার পরিচ্ছন্ন ছবি দেখিয়েছে।

**গোলাম হিলালী**, সহকারী কর কমিশনার
ঢাকা।

## আসিয়ানেটের অনুরূপ সার্কনেট করা হোক

দক্ষিণপূর্ব এশিয়ার দেশসমূহের বাণিজ্যিক ও বিনিয়োগে বৈপ্লবিক পরিবর্তন আনার উচ্চাভিলাষী লক্ষ্যে বিশ্বের সবচেয়ে উন্নততর ও আধুনিক কমপিউটার নেটওয়ার্কের যে প্রকল্পটি আসিয়ান জোট নিয়েছিল তা সময়মত চালু হতে ব্যর্থ হয়েছে। প্রকল্পে শরীক কয়েকটি সদস্য দেশের ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানগুলি এই 'আসিয়ানেট'-এর জন্য প্রয়োজনীয় সফটওয়্যার এ পর্যন্ত তৈরী করতে না পারায় গত বছরের অক্টোবরে নির্ধারিত সময়ে চালু করা সম্ভব হয়নি এটি। এটির উদ্যোক্তা আসিয়ান চেম্বার্স অফ কমার্স এ্যাণ্ড ইণ্ডাষ্ট্রি। এ পর্যন্ত কেবল থাইল্যাণ্ড, সিঙ্গাপুর ও ফিলিপিন্স তাদের নিজস্ব সফটওয়্যার তৈরী করেছে নির্ধারিত সময়সীমার মধ্যে। বাকীরা ঢের পিছিয়ে রয়েছে।

এই আসিয়ানেট সৃষ্টির উদ্দেশ্যটা হচ্ছে এই অঞ্চলে একটি কমপিউটার চালিত তথ্য ও বাণিজ্যিক নেটওয়ার্ক সৃষ্টি করে সেটিকে উত্তর আমেরিকা, ইউরোপ ও অন্যান্য অনুরূপ নেটওয়ার্কের সাথে সংযুক্ত করা। প্রতিটি আসিয়ান সদস্য দেশের প্রাইভেট সেক্টর তার দেশে এই নেটওয়ার্ক পরিচালনার দায়িত্বে থাকবে।

সম্প্রতি থাইল্যাণ্ডের চিয়াঙ মাইতে অনুষ্ঠিত আসিয়ান চেম্বার্সের সভায় সদস্য দেশগুলিকে আরো প্রায় চার লক্ষ টাকা করে বিনিয়োগ করতে বলেছে, প্রয়োজনীয় সফটওয়্যার তৈরীর জন্য যাতে করে এই নেটওয়ার্কটি ইউরোপীয় গোষ্ঠির সাথে সংযুক্ত করা যায়। যে তিনটি দেশ তাদের নেটওয়ার্কের সফটওয়্যার তৈরী শেষ করেছে তারা ইউরোপীয় গোষ্ঠির বাণিজ্যিক ও বিনিয়োগ তথ্য ভাণ্ডারে প্রবেশের প্রথম সুযোগ পাবে।

সূত্রুর আসিয়ান বাণিজ্য ও শিল্প নেতৃবৃন্দ চিয়াঙ মাইর সভায় ঐক্যমত সিদ্ধান্ত নিয়েছে যে, তাদের সৃষ্ট এই আঞ্চলিক নেটওয়ার্কে প্রবেশ সুবিধার জন্য সদস্য দেশগুলির জন্য ইউরোপীয় গোষ্ঠির কাছ থেকে প্রায় চার কোটি টাকার সহায়তা তহবিল চাওয়া হবে। এই আর্থিক সহায়তার জন্য আসিয়ান চেম্বার্স মার্চ মাসে একজন প্রতিনিধি পাঠাবে ব্রাসেলসের ইউরোপীয় গোষ্ঠির সদর দপ্তরে। ইউরোপীয় গোষ্ঠির প্রতিশ্রুত এই সম্মতি পেলেই প্রতিটি আসিয়ান সদস্য আসিয়ান চেম্বার্সের পূর্ব সম্মতি ছাড়াই তাদের নিজস্ব নেটওয়ার্ক তৈরী করতে সমর্থ হবে।

আসিয়ানেট অনুরূপ একটা বাণিজ্যিক নেটওয়ার্ক যদি সার্কভুক্ত সাতটি দেশের মধ্যে অন্ততঃ ১৯৯৫ সাল নাগাদ গড়ে তোলা যায় তবে ইউরোপীয় গোষ্ঠি, দূরপ্রাচ্য ও উত্তর আমেরিকার বাণিজ্যিক ও বিনিয়োগ সম্ভাবনাকে দ্রুত কাজে লাগিয়ে দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সমৃদ্ধি বৃদ্ধি করা সম্ভব। এ ব্যাপারে দক্ষিণ এশিয়ার চেম্বার নেতৃবৃন্দ আসিয়ান চেম্বারের থাই প্রতিনিধি Pramon Suthivong-এর সাথে যোগাযোগ করে প্রকল্পের মৌলিক টেকনিক্যাল নথিপত্রাদি সংগ্রহ করে একটা সার্কনেটের উদ্যোগ নিতে পারে। এই উদ্যোগ নিশ্চিতভাবে প্রশংসিত হবে সার্কের বাণিজ্য ও শিল্প মহল ও সংশ্লিষ্ট সরকারী কর্তৃপক্ষের কাছে।

*আজম মাহমুদ*


# বিজয়

## কম্পিউটারে বাংলা লেখন পদ্ধতি

মেকিন্টোস এর জন্য এখন

## দ্বিতীয় সংস্করণ

১৯৮৮ সালের ১৬ই ডিসেম্বর আমরা ঘোষণা করেছিলাম কম্পিউটারে বাংলা লেখন পদ্ধতি **বিজয়**। গত পাঁচ বছরে **বিজয়** জয় করেছে দেশ-বিদেশের কম্পিউটারে বাংলা ব্যবহারকারীদের হৃদয়। আজ তাই দেশ-বিদেশের প্রায় সকল বাংলা প্রকাশনায় **মেকিন্টোস** আর **বিজয়** এর একচ্ছত্র আধিপত্য।

**১৯৯৩ এ আমরা বিজয় এর দ্বিতীয় সংস্করণ প্রকাশ করেছি মেকিন্টোস ব্যবহারকারীদের জন্য**

এই প্রযুক্তি প্রকাশের ফলে মেকিন্টোস ব্যবহারকারীরা এখন পাচ্ছেন সম্পূর্ণ ফটো কম্পোজ মানের টাইপোগ্রাফি এবং প্রচলিত তন্বী, সুতন্বী, সাবরিনা ও রিনকি ছাড়াও এক গুচ্ছ নতুন ফন্ট। ৫১২টি অক্ষর সম্বলিত এসব ফন্ট এ রয়েছে অবিকৃত যুক্তাক্ষর। এপল এর ৬০০ ডিপিআই প্রিন্টারে এই ফন্টসমূহ প্রিন্ট করা হলে ব্যবহারকারী পাবেন পুরোপুরি ফটো কম্পোজ মান।

**বিস্তারিত জানা এবং এক কপি পাবার জন্য আজই যোগাযোগ করুন**

## আনন্দ কম্পিউটার্স

৮/৬, সেগুন বাগিচা, ঢাকা-১০০০। ফোন ২৪৬৮৭৩, ২৫৩২১৪, ২৮৩৮৬৬, ২৫০২০৩
১৮৮, মতিঝিল সার্কুলার রোড, ঢাকা-১০০০। ফোন ৪০৮৮৯৮, ৪০৯১৮৬, ৪০০০১৫
৮৭০, শেখ মুজিব রোড, চট্টগ্রাম। ফোন ৫০১৮৮৩
১৪, বাংলা বাজার, ঢাকা-১১০০। ফোন ২৫৭৩৪৫